

ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি বিলুপ্ত

ক্যাম্পাসে ভূতুড়ে নীরবতা ॥ আজ ক্লাস ও পরীক্ষা

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া গতরাতে (রোববার) জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি বিলুপ্ত করেছেন। পার্টির এক ঘোষণার বরাতে দিয়ে বাসস এ খবর দিয়েছে।

ঘোষণায় বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মকান্ডও স্থগিত করা হয়েছে।

এর আগে আমাদের বার্তা পরিবেশক জানানঃ বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন ও জসীমউদ্দিন হলের অবস্থা গতকালও অপরিবর্তিত ছিল। সাধারণ ছাত্রদের অধিকাংশই হল ছেড়ে চলে গেছে। এ দু'টি হলে সন্ধ্যা নামলেই ভূতুড়ে নীরবতা নেমে আসে। পুলিশের পাশাপাশি দু'টোক বিডিআর জওয়ান গতকালও এ এলাকায়

টহল দিয়েছে। গত শুক্রবার ভোরে জাতীয়তাবাদী ছাত্রদলের অভ্যন্তরীণ কোললের কারণে মাহমুদ ও মামুন নামের দু'জন ছাত্র গুলীবিদ্ধ হয়ে মারা যাবার পর বিশ্ববিদ্যালয়ে এ পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেট্টিন এলাকায়

ছাত্রদলের উল্লেখযোগ্য কোন নেতাকে দেখা যায়নি। গত শনিবার গভীর রাতে ছাত্রদলের কর্মকান্ড স্থগিত ঘোষণার পর এবং গোলাগুলির ঘটনার পর তারা কোন রাজনৈতিক কার্যকলাপ প্রদর্শন করেননি।

এদিকে ছাত্রদলের পুরো কমিটি নিয়ে ছাত্রদের মধ্যে গুঞ্জন চলছে। একটি বিখ্যাত সূত্র জানিয়েছে, গত শুক্রবার দু'জন ছাত্র গুলীবিদ্ধ হয়ে নিহত হবার সাথে ছাত্রদলের সিনিয়র কয়েকজন নেতাকে অভিযুক্ত করা হয়েছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্যও বিএনপি'র নীতি নির্ধারক মহলে আলোচনা চলছে। এ নিয়ে ছাত্রদল নেতাদের মধ্যেও তুমুল উত্তেজনা বিরাজ করছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জসীমউদ্দিন হলের একজন ছাত্র জানিয়েছেন, গত শুক্রবারের ঘটনার পর এ হলটিতে আতংক বিরাজ করছে। সাধারণ ছাত্রদের অনেকেই নিরাপত্তার জন্য হল ছেড়ে দিয়েছে। তিনি জানিয়েছেন, গতকাল এ হলটিতে অস্ত্রধারীদের আনাগোনা ছিল না। তবে সারাদিন হলটিতে নীরবতার কারণে একটু অস্বাভাবিক লেগেছে। সূর্যসেন হলেও একই অবস্থা বিরাজমান।

৭-এর পাতায় দেখুন

ছাত্রদলের কেন্দ্রীয়

প্রথম পৃষ্ঠার পর

তবে তুলনামূলকভাবে সূর্যসেন হলের সাধারণ ছাত্ররা বেশী আতংকের মধ্যে রাখিয়ারপনকরেন।

পুলিশের পাশাপাশি ক্যাম্পাসে বিডিআর জওয়ান মোতায়েন করে পরিস্থিতি সামাল দেয়ার চেষ্টা চলছে। গতকাল সূর্যসেন হলের সামনে এবং নীলক্ষেত পুলিশ ফাঁড়ি সংলগ্ন এলাকায় বিডিআর জওয়ান মোতায়েন করা হয়। ক্যাম্পাসের স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার লক্ষ্যে কর্তৃপক্ষ গত শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও পরীক্ষাসমূহ স্থগিত ঘোষণা করেন। আজ সোমবার থেকে পুনরায় বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও পরীক্ষা নিয়মিতভাবে অনুষ্ঠানের কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত এ রিপোর্ট লেখা পর্যন্ত অপরিবর্তিত ছিল বলে জানা গেছে।

জুনায়েদ সুস্থ

গত শুক্রবারের সংঘর্ষে উন্নত গুলীবিদ্ধ জুনায়েদ গতকাল পর্যন্ত অনেকটা সুস্থ হয়ে উঠেছে। ঐদিন সংঘর্ষের সময় তার ডান উরুতে গুলীবিদ্ধ হলে প্রথমে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ও পরে পদ্ম হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়। গতকাল পর্যন্ত তার অবস্থার কিছুটা উন্নতি হয়েছে বলে চিকিৎসক সূত্র জানা গেছে।